



ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
নগর ভবন, ঢাকা।
www.dsc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বর : ৪৬.২০৭.০০০.০৩.০১.২৯৭.২০২১-৪০০

তারিখ : ১৪ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ
২৯ জুলাই ২০২১ খ্রিস্টাব্দ

লিখিত পরীক্ষার বিজ্ঞপ্তি

দৈনিক জাতীয় পত্রিকায় প্রকাশিত ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ২৮.০২.২০২১ খ্রি. তারিখের ৪৬.২০৭.০০০.০৩.০১.২৯৭.২০২১-১০৪ নম্বর বিজ্ঞপ্তির মাধ্যমে নিম্নোক্ত ৩ (তিন) ক্যাটাগরি পদের বিপরীতে টেলিটক বাংলাদেশ লিমিটেড এর কারিগরি সহযোগিতায় অনলাইনে প্রাপ্ত আবেদনকারীদের লিখিত পরীক্ষা স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক গ্রহণ করা হবে :

ক্র. নং	পদ নাম	লিখিত পরীক্ষার তারিখ, বার ও সময়	কেন্দ্র
১.	লাইসেন্স ও বিজ্ঞাপন সুপারভাইজার	০৭.০৮.২০২১ খ্রি. তারিখ, শনিবার সকাল : ১১.০০ টা হতে ১২.০০ টা পর্যন্ত	ঢাকা মহানগর মহিলা কলেজ লক্ষ্মীবাজার, সূত্রাপুর, ঢাকা-১১০০
২.	লেজার কিপার		
৩.	রেন্ট এ্যাসিস্টেন্ট	০৭.০৮.২০২১ খ্রি. তারিখ শনিবার বিকাল : ৩.০০ টা হতে ৪.০০ টা পর্যন্ত	ঢাকা মহানগর মহিলা কলেজ লক্ষ্মীবাজার, সূত্রাপুর, ঢাকা-১১০০

০২। পরীক্ষায় অংশগ্রহণের জন্য পরীক্ষার্থীগণ তাদের স্ব-স্ব প্রবেশপত্র ২ আগস্ট, ২০২১ খ্রি. তারিখ হতে এ ওয়েবসাইট <http://dsc.teletalk.com.bd> মাধ্যম সংগ্রহ করতে পারবেন। প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না।

০৩। পরীক্ষার্থীগণকে অবশ্যই স্বাস্থ্যবিধি পরিপালনপূর্বক মাস্ক পরিধান পরে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে হবে। মাস্ক ছাড়া কোনো পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। কক্ষভিত্তিক আসন বিন্যাস এবং পরীক্ষার্থীদের জন্য অনুসরণীয় অন্যান্য নির্দেশনা প্রবেশপত্রে উল্লেখ থাকবে।

০৪। Online -এ প্রবেশপত্র পেতে কোনো সমস্যা হলে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd ইমেইলে যোগাযোগ করা যাবে।

০৫। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টি এ/ ডি এ প্রদান করা হবে না।

(আকরামুজ্জামান)

সচিব

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

স্মারক নম্বর : ৪৬.২০৭.০০০.০৩.০১.২৯৭.২০২১-৪০০ (৮)

তারিখ : ১৪ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ
২৯ জুলাই ২০২১ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। মেয়রের একান্ত সচিব, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (মাননীয় মেয়রের সদয় অবগতির জন্য)।
- ২। অধ্যক্ষ, ঢাকা মহানগর মহিলা কলেজ, লক্ষ্মীবাজার, সূত্রাপুর, ঢাকা।
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সিস্টেম এনালিস্ট, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন [এ বিজ্ঞপ্তিটি সংস্থার ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ (বিষয়টি জরুরী)]।
- ৫। জনসংযোগ কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন [এ বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ২ টি বাংলা ও ১ টি ইংরেজি দৈনিক জাতীয় পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ (বিষয়টি জরুরী)]।
- ৬। জনাব মো. আল-রাজ্জাকুজ্জামান, ডেপুটি জেনারেল ম্যানেজার, মার্কেটিং এন্ড ভ্যাস, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক ভবন (১০ম তলা), গুলশান-১, ঢাকা [এ বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে (<http://dsc.teletalk.com.bd>) প্রকাশের ব্যবস্থা গ্রহণ এবং পরীক্ষার সময়সূচি পরীক্ষার্থীদের স্ব-স্ব মোবাইল ফোনে এসএমএস মাধ্যম জানানোর অনুরোধসহ (বিষয়টি জরুরী)]।
- ৭। সহকারী সচিব, সাধারণ প্রশাসন শাখা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (তিনি এ বিজ্ঞপ্তিটি নগর ভবন নোটিশ বোর্ডে সাটানোর ব্যবস্থা গ্রহণ করবেন)।
- ৮। অফিস কপি (নথি নম্বর- ৪৬.২০৭.০০০.০৩.০১.২৯৭.২০২১, তারিখ : ১৮.০১.২০২১)।

(কামাল হোসেন)

সহকারী সচিব

সংস্থাপন শাখা-১

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন